হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৭৯ ঃ মেহেরপুর-বুধবার ৭ জানুয়ারি ২০২৬ ইং ঃ ২৩ পৌষ ১৪৩২ বাংলা ঃ ১৭ রজব ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



'হাওয়া'র পর চার সিনেমা নিয়ে আসছেন তুষি -পৃষ্ঠা-৩

## হিমেল হাওয়া আর ঘন কুয়াশায় কাঁপছে মেহেরপুরের জনজীবন

### তাপমাত্রা ৭.৫ ডিগ্রি, স্কুলে গিয়ে দুর্ভোগে শিশুরা

নিজস্ব প্রতিবেদক



হিমেল হাওয়া আর ঘন কুয়াশায় কাঁপছে সীমান্তবর্তী জেলা মেহেরপুর। গতকাল মঙ্গলবার সকাল ৯টায় জেলার নিকটবর্তী চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসে তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। এ তীব্র শীতে বিপর্যস্ত হয়ে পড়েছে সাধারণ মানুষের দৈনন্দিন জীবনযাত্রা। খেটে-খাওয়া মানুষ পড়েছে চরম দুর্ভোগে। সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছে স্কুলগামী ছোট ছোট শিক্ষার্থীরা। সকালে ঘর থেকে বের হলেই শীতের কামড়। কুয়াশায় ঢেকে গেছে গ্রাম-বসতবাড়ি, রাস্তা-ঘাট, মাঠ খামার। সূর্যের দেখা মিলছে না সকাল-বিকেল কোনো সময়ই। শীত ও কুয়াশায় দৃশ্যমানতা কম থাকায় যানবাহন চলছে হেডলাইট জ্বালিয়ে। শীত মোকাবিলায় অনেকেই বাড়তি কাপড় জড়িয়ে বের হলেও কাজে যেতে না পেরে কেউ কেউ ঘরের কোণেই আশ্রয় নিচ্ছেন। সবচেয়ে বেশি দুশ্চিন্তায় পড়েছেন অভিভাবকেরা। এত শীতের মধ্যেও ছোট ছোট শিক্ষার্থীদের স্কুলে পাঠাতে হচ্ছে। অনেক শিশুই কাঁপতে কাঁপতে স্কুলে পৌঁছালেও ক্লাসরুমে বসে থাকতে কষ্ট হচ্ছে। কোথাও কোথাও স্কুল মাঠে ও শ্রেণিকক্ষে আগুন জ্বালিয়ে তাপ নিতে দেখা গেছে শিক্ষার্থীদের। অভিভাবক জাহাঙ্গীর আলম বলেন, 'আজকে সবচেয়ে বেশি শীত পড়ছে। ছোট বাচ্চারা স্কুলে গিয়ে শীতে কাঁপছে। অনেকে ক্লাসে বসতে পারছে না। এমন আবহাওয়ায় কয়েক দিনের জন্য স্কুল বন্ধ রাখা উচিত। না হলে শিশুদের ঠান্ডাজনিত রোগ বাড়বে।' খুদে শিক্ষার্থী অনিক আহমেদ বলে, খুব শীত লাগছে। হাত-পা কাঁপছে। তাই বন্ধুদের সঙ্গে আগুন পোহাচ্ছি। তবুও স্কুলে আসতে ভালো লাগে, তাই এসেছি।' নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক বলেন, 'এ আবহাওয়ায় সকাল ১০টার আগে ক্লাস নেওয়া খুবই কষ্টকর। শিশুরা ঠান্ডা সহ্য করতে পারে না।

২-এর পৃষ্ঠা দেখুন

## শহীদ হাদি হত্যাকাণ্ডে ১৭ জনের বিরুদ্ধে চার্জশিট

সূর্যোদয় প্রতিবেদন

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহীদ শরিফ ওসমান হাদি হত্যাকাণ্ডের ঘটনায় ফয়সাল করিম মাসুদসহ ১৭ জনকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দিয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার (৬ জানুয়ারি) মিন্টো রোডের ডিবি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ডিএমপির ডিবি প্রধান মো. শফিকুল ইসলাম। তিনি বলেন, তদন্তে আসামিদের বিরুদ্ধে অভিযোগের প্রমাণ পাওয়ায় চার্জশিট দাখিল করা হয়েছে। অভিযুক্ত ১৭ জনের মধ্যে ১২ জন গ্রেপ্তার হয়েছেন এবং পাঁচজন পলাতক রয়েছেন। ডিবি প্রধান জানান, রাজনৈতিক প্রতিহিংসার জেরেই ওসমান হাদিকে হত্যা করা হয়েছে–তদন্তে এমন তথ্য উঠে এসেছে। অভিযুক্ত ফয়সাল করিম মাসুদের ভিডিও বার্তা প্রসঙ্গে তিনি বলেন, ভিডিও বার্তা দেওয়া তার অধিকার থাকলেও তদন্তে তার জড়িত থাকার প্রমাণ পাওয়া গেছে। ঘটনার বিবরণে জানা

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে গণভোট ও জাতীয় নির্বাচন ঘিরে 'সুপার ক্যারাভান' প্রদর্শনী

মুজিবনগর প্রতিনিধি

আসন্ন গণভোট ও জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে ভোটার সচেতনতা ও জনসম্পৃক্ততা বাড়াতে মেহেরপুরের মুজিবনগরে অনুষ্ঠিত হয়েছে 'সুপার ক্যারাভান' ভোটের গাড়ির প্রদর্শনী।গতকাল মঙ্গলবার বিকেলে উপজেলার কেদারগঞ্জ বাজার প্রাঙ্গণে এ প্রদর্শনীর উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) সাইফুল হুদা। অনুষ্ঠানের উদ্বোধনী বক্তব্যে ইউএনও সাইফুল হুদা বলেন, প্রযুক্তির সহায়তায় ভোটের প্রক্রিয়া সাধারণ মানুষের কাছে আরও সহজবোধ্য করে তোলা এই উদ্যোগের মূল উদ্দেশ্য। তিনি বলেন, "আগামী দিনে প্রযুক্তিনির্ভর এই কার্যক্রম মুজিবনগরের প্রতিটি ইউনিয়ন ও প্রত্যন্ত গ্রাম পর্যন্ত পৌঁছে দেওয়া হবে। যাতে জনগণ ভোট প্রদানের প্রক্রিয়া সম্পর্কে পরিষ্কার ধারণা পায় এবং নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগ করতে পারে।" প্রদর্শনীকে ঘিরে এলাকায় সৃষ্টি হয় উৎসবমুখর পরিবেশ। বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতাকর্মী, স্থানীয় ব্যবসায়ীসহ সাধারণ মানুষের উপস্থিতিতে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে নিখোঁজের ৩ দিন পর নারীর মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে নিখোঁজের ৩ দিন পর টগর খাতুন (৩৫) নামের এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (৬ জানুয়ারী) বিকেল সাড়ে ৫টার দিকে মেহেরপুর পৌর এলাকার ক্যাশবপাড়া এলাকার একটি পরিত্যক্ত জায়গা থেকে মরদেহটি উদ্ধার করে পুলিশ। নিহত টগর খাতুন মেহেরপুর সদর উপজেলার উজলপুর গ্রামের সেন্টু মিয়ার স্ত্রী। তার দুটি পুত্রসন্তান রয়েছে। স্থানীয়রা জানান, নোমান

২-এর পৃষ্ঠা দেখুন

## ভারত থেকে এক লাখ ৮০ হাজার টন ডিজেল আমদানি করবে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

সরকার চলতি বছরের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ভারতের নুমালীগড় রিফাইনারি লিমিটেড থেকে এক লাখ ৮০ হাজার মেট্রিক টন ডিজেল আমদানির সিদ্ধান্ত নিয়েছে। এ চুক্তির মোট খরচ হবে ১,৪৬১ কোটি ৭৬ লাখ টাকা। এই অর্থের ব্যবস্থা করা হবে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের (বিপিসি) বাজেট ও ব্যাংক ঋণের মাধ্যমে। গতকাল মঙ্গলবার সচিবালয়ে অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ'র সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠকে এই তেল আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর বিআরটিএতে জেলা প্রশাসকের ঝটিকা অভিযান

নিজস্ব প্রতিবেদক

অনিয়ম ও দুর্নীতি প্রতিরোধে মেহেরপুর বিআরটিএ কার্যালয়ে ঝটিকা অভিযান চালিয়েছেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। মঙ্গলবার তিনি নিজেই এ অভিযান পরিচালনা করেন। অভিযানকালে জেলা প্রশাসক বিআরটিএতে সেবা নিতে আসা বিভিন্ন ব্যক্তির সঙ্গে কথা বলেন এবং সেবা প্রদান সংক্রান্ত নানা তথ্য সংগ্রহ করেন। এ সময় তিনি সেবাগ্রহীতাদের অভিযোগ শোনেন এবং অনিয়মের বিষয়ে খোঁজখবর নেন। অভিযানে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার

২-এর পৃষ্ঠা দেখুন

## হাসনাত আবদুল্লাহর ফেসবুক প্রোফাইল ডিজেবল

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহর ব্যক্তিগত ফেসবুক প্রোফাইল অকার্যকর (ডিজেবল) করা হয়েছে।গতকাল মঙ্গলবার নিজ ভেরিফাইড ফেসবুক পেজ থেকে লাইভে এসে তিনি নিজেই এ তথ্য জানান। হাসনাত আবদুল্লাহ জানিয়েছেন, তার 'হাসনাত আব্দুল্লাহ' নামে ব্যক্তিগত প্রোফাইলটি কিছুদিন আগে ডিজেবল করা হয়েছে। তিনি বলেন, "ভারতবিরোধী অবস্থান নেওয়ায় এবং কিছু পোস্টের কারণে কপিরাইট ক্লেইমের মাধ্যমে আমার আইডি ডিজেবল করা হয়েছে।" প্রোফাইল বন্ধ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর সরকারি কলেজে অভিভাবক সমাবেশ ও মতবিনিময় সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি কলেজের উদ্যোগে কলেজের শিক্ষার্থীদের অভিভাবকদের নিয়ে অভিভাবক সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে সরকারি কলেজ প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়। সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অভিভাবক সমাবেশ ও মতবিনিময় সভার আহ্বায়ক কাওসার আলী। সহযোগী অধ্যাপক হাসানুজ্জামানের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন

২-এর পৃষ্ঠা দেখুন





ঐতিহ্যের ৬০ বছর

প্রতিষ্ঠাতা :- মরহুম হাজী গিয়াস উদ্দিন

প্রো: মো: আলমগীর বাদশা শিল্টন

নতুন স্বাদের খোঁজে গিয়াস মিস্টান্ন ভান্ডার

আপনিকি খুঁজছেন মধুর স্বাদে, ঘরোয়া তাজা মিস্টি এবং মনোমুগ্ধ অভিজ্ঞতা? হোটেল বাজার শিল্টন টাওয়ারে গিয়াস মিস্টান্ন ভান্ডারে এসেছে নতুন নতুন স্বাদের মিস্টি-- মালাইকারি, হাড়ি ভাংগা, সর মালাই,ইরানী ভোগ, শাহী চমচম, ঘি পানতোয়া, গোলাপ জাম, লেংচা, শাহী স্পেশাল দই ---আরো হরেক স্বাদের অনেক মিস্টি।

মেহেরপুরের এতিহ্যবাহী মিষ্টি এখন আরো কাছে

শিল্টন টাওয়ার, প্রধান সড়ক হোটেলবাজার, মেহেরপুর।

মোবাইল : ০১৭১২-৬২০৪৮৬ ০১৭১১-৩১৪১৮৬




## সিংহাটি গ্রামে সমাজসেবক বাবু খানের কম্বল বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার সিংহাটি গ্রামের সমাজসেবক হাসিবুল হাসান বাবু খানের উদ্যোগে অসহায় ও দুস্থ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।গতকাল মঙ্গলবার বিকেলে বারাদী ইউনিয়নের মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে মোমিনপুর গ্রামের দুস্থদের মাঝে এসব কম্বল বিতরণ করা হয়। ব্যক্তিগত উদ্যোগে দীর্ঘদিন ধরে বারাদী ইউনিয়নসহ আশপাশের বিভিন্ন গ্রামের মানুষের

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় অবৈধ ৮ ভাটায় ২৯ লাখ টাকা জরিমানা

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার সদর ও মিরপুর উপজেলায় অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে দিনব্যাপী অভিযান চালিয়েছে পরিবেশ অধিদপ্তর।গতকাল মঙ্গলবার পরিচালিত এ অভিযানে মোট ৮টি ইটভাটাকে ২৯ লাখ টাকা জরিমানা করা হয়েছে। পরিবেশ অধিদপ্তর সূত্র জানায়, অভিযানে কুষ্টিয়া সদর উপজেলায় ৪টি এবং মিরপুর উপজেলায় আরও ৪টি ইটভাটার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়। পরিবেশ ও

২-এর পৃষ্ঠা দেখুন

## আলমডাঙ্গায় ট্রাক-নসিমন সংঘর্ষে মাছ ব্যবসায়ী নিহত

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলায় বালুবোঝাই ডাম্প ট্রাকের সঙ্গে মাছবোঝাই নসিমনের মুখোমুখি সংঘর্ষে মোহাম্মদ আলী (৪০) নামে এক মাছ ব্যবসায়ী নিহত হয়েছেন। এসময় গুরুতর আহত হয়েছেন নসিমনের চালক জহুরুল হক জহুরুল ইসলাম। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৭টার দিকে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা সড়কের পিটিআই সংলগ্ন মাধবীতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মোহাম্মদ আলী

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
- ✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- ✓ প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (গাংনীতে ইটভাটা সিন্ডিকেটের দাপট )

ভাঙলো চিমনি জ্বলছে আগুন<br>
আজব এই দেশে<br>
দেখতে থাকো ইট পোড়ানো<br>
হয় কিনা হয় শেষে।<br>
চলতে থাকবে ইট পোড়ানো<br>
হচ্ছে টাকা খরচ<br>
পাচ্ছি টাকা পুড়ুক কাঠ<br>
বন্ধ করার কি গরজ ।<br>
উজাড় হচ্ছে গাছপালা<br>
উজাড় হচ্ছে মাটি<br>
কাটছে মাটি রাতের বেলা<br>
এই সময়টাই খাঁটি।<br>
পুড়ছে কাঠ উড়ছে ধোঁয়া<br>
পরিবেশ হচ্ছে নষ্ট<br>
ধোঁয়ার মধ্যে করছি বাস<br>
পাবলিকের যত কষ্ট।

সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত

আবুল কাসেম স্যার পরিচালিত

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজে

নার্সারি থেকে ১০ম শ্রেণি (বিজ্ঞান ও মানবিক শাখায়)

ইংলিশ স্পোকেন | ইন্টিগ্রেটেড ভার্সন | আবাসিক

নূরানী আরবি শিক্ষা | সমৃদ্ধ ল্যাব ও লাইব্রেরি | ডে-কেয়ার

ভর্তি চলছে

কেন্দ্রীয় ঈদগাহ রোড, গাংনী, মেহেরপুর, ফোন ঃ ০১৭১০-১১৬৮২৮

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- ✔ অথেনটিক প্রোডাক্ট
- ✔ সেরা দাম
- ✔ নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর .

হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর ॥ বুধবার ॥ ২৩ পৌষ ১৪৩২ বাংলা ॥ ৭ জানুয়ারি ২০২৬ইং

# মহেশপুর সীমান্তে এক দশকে বিএসএফের গুলিতে মৃত ৩৬ বাংলাদেশি

## গুলিবর্ষণ ও নির্যাতনে আহত শতাধিক; সীমান্তবাসীর মধ্যে আতঙ্ক

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

বাংলাদেশ-ভারত সীমান্তের ঝিনাইদহের মহেশপুর উপজেলায় গত এক দশকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)-এর গুলিতে কমপক্ষে ৩৬ জন বাংলাদেশি নাগরিক নিহত হয়েছেন। একই সময়ে গুলিবর্ষণ ও শারীরিক নির্যাতনে আহত হয়েছেন শতাধিক সীমান্তবাসী। বিএসএফের এমন 'মারমুখী' আচরণে সীমান্ত এলাকায় আতঙ্ক বিরাজ করছে। বাংলাদেশ-ভারত সীমান্ত বিশ্বের পঞ্চম দীর্ঘতম স্থলসীমান্ত। এর মধ্যে ঝিনাইদহের মহেশপুর উপজেলায় রয়েছে প্রায় ৭২ কিলোমিটার সীমান্ত। এর মধ্যে প্রায় ৬০ কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া থাকলেও অবশিষ্ট প্রায় ১২ কিলোমিটার



সীমান্ত এখনো উন্মুক্ত। স্থানীয়দের দাবি, এসব উন্মুক্ত এলাকা ও পার্শ্ববর্তী অঞ্চলেই বেশি ঘটছে গুলিবর্ষণ ও নির্যাতনের ঘটনা।

বাংলাদেশ অংশে যাদবপুর, মান্দারবাড়িয়া, শ্যামকুড়, নেপা, কাজিরবেড় ও স্বরূপপুর ইউনিয়নের সীমান্ত অঞ্চলে ঝুঁকি সবচেয়ে বেশি। বিপরীতে ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া ও উত্তর ২৪ পরগনার বিভিন্ন সীমান্ত এলাকায় এসব ঘটনার পুনরাবৃত্তি ঘটছে বলে অভিযোগ স্থানীয়দের। স্থানীয়দের তথ্যমতে, বাঘাডাঙ্গা সীমান্তের বিপরীতে ভারতের হাবাসপুর, শালিখা ও গৌড়খালী; কাজিরবেড় সীমান্তের বিপরীতে হাবাসপুর ও সুন্দরপুর; মাইলবাড়িয়া সীমান্তের বিপরীতে পাটিলডাঙ্গা; স্বরূপপুর সীমান্তের বিপরীতে নোনাগঞ্জ ও বেনিপুর; খোসালপুর সীমান্তের বিপরীতে রামনগর ও কুমারী; শ্যামকুড় সীমান্তের বিপরীতে ছুটিপুর, ফতেপুর ও ভবনঘাট এলাকায় সবচেয়ে বেশি প্রাণহানি ঘটেছে। নিহতদের মধ্যে রয়েছেন

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



# ঘুম: শরীরের নিঃশব্দ রক্ষাকবচ

সূর্যোদয় প্রতিবেদন

ঘুম কেবল বিশ্রামের জন্যই নয়; এটি আমাদের সামগ্রিক স্বাস্থ্যের অন্যতম প্রয়োজনীয় অংশ। পর্যাপ্ত ঘুম না হলে হার্ট, মস্তিষ্ক, স্নায়ুতন্ত্র, লিভার, চোখ, কিডনি এবং রোগ প্রতিরোধ ক্ষমতার ওপর নেতিবাচক প্রভাব পড়ে। তাই স্বাস্থ্য রক্ষায় ঘুমের গুরুত্ব অবহেলনযোগ্য নয়। কিন্তু আধুনিক জীবনযাত্রায় ঘুমের ব্যাঘাত ঘটানোর জন্য নানা কারণ আছে। ঘরের অতিরিক্ত আলো, মোবাইল, ল্যাপটপ—এগুলো সবই ঘুমের জন্য বড় বাধা। বিশেষজ্ঞরা পরামর্শ দেন, বিভিন্ন দেশের মতো আমাদের দেশেও রাতের খাবার ৭টার মধ্যে শেষ করা উচিত। খাবারের অন্তত ২-৩ ঘণ্টা পরে ঘুমানো ভালো। এছাড়া রাতের খাবারের পর আলো ধীরে ধীরে কমিয়ে দেওয়াই দরকার, যাতে শরীর ঘুমের জন্য প্রস্তুতি নিতে পারে। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো গ্যাজেট। ফোন, ল্যাপটপ বা টিভি থেকে নির্গত নীল আলো মেলাটোনিন হরমোনের নিঃসরণ বাধা দেয়, যা ঘুমের জন্য অপরিহার্য। তাই ঘুমের অন্তত এক ঘণ্টা আগে এসব ডিভাইস ব্যবহার বন্ধ করা উচিত। নীল আলোর দীর্ঘ প্রভাব সার্কাডিয়ান রিদম—দেহের

৩-এর পৃষ্ঠা দেখুন



# নির্বাচনী আচরণবিধি নিশ্চিত করতে মোবাইল কোর্ট অভিযান

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। একই সঙ্গে গণভোটের সচেতনতা প্রচার কার্যক্রমও চালানো হয়। গতকাল মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত মেহেরপুর সদর উপজেলার বারাদি বাজার এলাকায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়। সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকার নেতৃত্বে এ অভিযান সম্পন্ন হয়। অভিযানকালে প্রার্থী ও তাদের সমর্থকদের নির্বাচনী আচরণবিধি মেনে চলার বিষয়ে মৌখিকভাবে সতর্ক করা হয়। পাশাপাশি ভবিষ্যতে আচরণবিধি লঙ্ঘনের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়।





# চুয়াডাঙ্গায় ১৫টি ককটেলসহ এরিন বাদশা আটক

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় ১৫টি ককটেল ও ২৩০ পিস ট্যাপেন্ডাডল ট্যাবলেটসহ এরিন বাদশা (৪০) নামে এক ব্যক্তিকে আটক করেছে যৌথ বাহিনী। গতকাল মঙ্গলবার ভোরে পৌর শহরের নুরনগর গ্রামের কবরস্থানের ভেতরে এ অভিযান পরিচালনা করা হয়। আটক এরিন বাদশা নুরনগর গ্রামের সুলতানের ছেলে। অভিযান সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্পের ক্যাপ্টেন সৌমিক আহমেদ অয়নের নেতৃত্বে যৌথ বাহিনীর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে নুরনগর গ্রামের ওই বাড়িতে অভিযান চালায়। অভিযানে তার বাসা থেকে ২৩০ পিস ট্যাবলেট উদ্ধার করা হয় এবং স্বীকারোক্তির ভিত্তিতে পাশের কবরস্থান থেকে ১৫টি ককটেল পাওয়া যায়। চুয়াডাঙ্গা সদর থানার ওসি মিজানুর

৩-এর পৃষ্ঠা দেখুন





# মেহেরপুরে বিএনপির দোয়া মাহফিল

আমদহ প্রতিনিধি

মেহেরপুরের আমদহ ইউনিয়ন ১নং ওয়ার্ডে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি বেগম খালেদা জিয়ার মহাকালের সমাপ্তি উপলক্ষে আয়োজন করা হয়। দোয়া মাহফিলে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দলের সিনিয়র নেতৃবৃন্দ।

# নির্বাচন সামনে রেখে ঢাকায় আসছেন যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে ঢাকায় আসছেন যুক্তরাষ্ট্রের নবনিযুক্ত রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন। কূটনৈতিক সূত্রে জানা গেছে, তিনি আগামী ১২ জানুয়ারি ঢাকায় পৌঁছাবেন। ঢাকায় এসে রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যেই বাংলাদেশে

৩-এর পৃষ্ঠা দেখুন



# বাংলাদেশ-পাকিস্তান বিমানবাহিনী প্রধানদের বৈঠক

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ও পাকিস্তানের বিমানবাহিনী প্রধানদের মধ্যে ইসলামাবাদে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে জেএফ-১৭ থান্ডার অত্যাধুনিক যুদ্ধবিমান সংগ্রহের সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বলে জানিয়েছে পাকিস্তানের সামরিক জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। আইএসপিআরের এক বিবৃতিতে বলা হয়, গতকাল মঙ্গলবার বাংলাদেশ বিমানবাহিনীর প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান পাকিস্তান বিমানবাহিনীর (পিএএফ) প্রধান এয়ার চিফ মার্শাল জহির আহমেদ বাবর সিধুর সঙ্গে সাক্ষাৎ করেন। ইসলামাবাদে অনুষ্ঠিত এ বৈঠকে দুই দেশের বিমানবাহিনীর মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদার, প্রশিক্ষণ বিনিময় এবং সক্ষমতা বৃদ্ধির বিষয়গুলো বিশেষ গুরুত্ব পায়। সফররত বাংলাদেশ বিমানবাহিনী প্রধানকে পাকিস্তান বিমানবাহিনীর পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে গার্ড

৩-এর পৃষ্ঠা দেখুন

# ভারতের সঙ্গে রাজনৈতিক টানাপোড়েনের প্রভাব বাণিজ্যে পড়বে না: অর্থ উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

ভারত ও বাংলাদেশের মধ্যকার চলমান রাজনৈতিক টানাপোড়েন দেশের অর্থনীতি ও বাণিজ্যে কোনো নেতিবাচক প্রভাব ফেলবে না বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেন, সাম্প্রতিক ঘটনাপ্রবাহ সত্ত্বেও দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক স্বাভাবিক থাকবে। মঙ্গলবার (৬ জানুয়ারি) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন অর্থ উপদেষ্টা। তিনি জানান, ভারত-

৩-এর পৃষ্ঠা দেখুন



# সারজিসের হলফনামা ও আয়কর রিটার্নে গরমিল

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে পঞ্চগড়-১ আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করতে যাচ্ছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। নির্বাচনে অংশ নিতে তিনি নির্বাচন কমিশনে হলফনামা দাখিল করেছেন। তবে তার দাখিল করা হলফনামা ও

৩-এর পৃষ্ঠা দেখুন

# গভীর সমুদ্রে গবেষণায় গুরুত্বারোপ প্রধান উপদেষ্টার

সূর্যোদয় প্রতিবেদন

গভীর সমুদ্রের মৎস্যসম্পদ ও ইকোসিস্টেম সংরক্ষণ এবং গবেষণার গুরুত্বে বিশেষ গুরুত্বারোপ করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। গতকাল মঙ্গলবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অনুষ্ঠিত একটি বৈঠকে তিনি বলেন, দেশের জলভাগে সমানভাবে বিস্তৃত সম্পদ থাকা সত্ত্বেও তা যথাযথভাবে কাজে লাগানো হয়নি। তিনি জোর দিয়ে বলেন, "সম্পদের পরিমাণ, সম্ভাবনা এবং সমস্যা চিহ্নিত করতে পর্যাপ্ত গবেষণা ও নীতিগত সহায়তা প্রয়োজন।" বৈঠকে

৩-এর পৃষ্ঠা দেখুন

মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ রুহুল আমিন খান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
কনসালটেন্ট (মেডিসিন)
নিউরোমেডিসিন ও কার্ডিওলজিতে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত
রোগী দেখার সময় :
প্রতি সোমবার ওমঙ্গলবার বিকাল ৩টা থেকে রাত ৮টা
সনোল্যাব ও সনো নার্সিং হোম
হাসপাতাল রোড, মেহেরপুর
যোগাযোগ : ০১৭৩০-৪৮৪০৯৮, ০১৭৩০-৪৮৪০৯৯

জামান ক্লথ ষ্টোর
আপনার আস্থার পোশাকের বিশ্বস্ত ঠিকানা
✦ সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ ✦
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক।
সালোয়ার কামিজ থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি—
সবকিছুরই বিশাল কালেকশন।
ঈদ, পূজা, বিয়ে কিংবা যেকোনো উৎসবে থাকছে
বিশেষ আকর্ষণীয় কালেকশন।
ন্যায্য দমে গুণগত মানেই আমাদের পরিচয়
একবার আসুন, দেখুন— পার্থক্য নিজেই বুঝবেন।
প্রধানসড়ক, বড়বাজার মেহেরপুর
☏: ০১৭১৮৫৫২৭৮৪, ০১৬৭০৯৮০০৪৪

ইনফো

# কানে ইয়ারবাড ব্যবহারে হতে পারে যে ক্ষতি

সূর্যোদয় প্রতিবেদন

আজকাল দরকারী কথাবার্তা, যাতায়াত, শরীরচর্চা বা ঘুমের আগে স্কুল—ইয়ারবাড আমাদের দৈনন্দিন জীবনের অপরিহার্য অংশ হয়ে উঠেছে। কিন্তু কতক্ষণ এবং কত ভলিউমে ব্যবহার করা হচ্ছে, সেদিকে অনেকেই নজর দেন না। দীর্ঘ সময় ইয়ারবাড ব্যবহার ও উচ্চ ভলিউমের শব্দ ধীরে ধীরে কিন্তু স্থায়ীভাবে শ্রবণশক্তি নষ্ট করার প্রধান কারণ হিসেবে দেখা যাচ্ছে। ইয়ারবাড কানের ভেতরে বসে সরাসরি কানের পর্দায় শব্দ পৌঁছে দেয়। দীর্ঘ সময় বেশি ভলিউমে শব্দ শোনার ফলে কানের সূক্ষ্ম 'হেয়ার সেল' বা শ্রবণ কোষ ক্ষতিগ্রস্ত হয়। একবার ক্ষতিগ্রস্ত হলে এই কোষগুলো পুনরায় তৈরি হয় না। ফলে স্থায়ী শ্রবণশক্তি হ্রাস ঘটে এবং প্রাথমিকভাবে কানে ভোঁ ভোঁ শব্দ (টিনিটাস) বা ভিড়ের মধ্যে কথাবার্তা বোঝার



অসুবিধা দেখা দেয়। ইয়ারবাডের অতিরিক্ত ব্যবহার মানসিক স্বাস্থ্যের ওপরও প্রভাব ফেলে। একটানা শব্দ শোনার ফলে মস্তিষ্ক সব সময় সজাগ থাকে। এতে মানসিক বিশ্রামের সুযোগ কমে যায়, যা মানসিক চাপ, ক্লান্তি, বিরক্তি ও

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
সাবেক মেয়র মোতাছিমবিল্লাহ মতু'র বাসা, কাঁসাড়িপাড়া, মেহেরপুর।
মোবা : ০১৩০৬-৯২৫৬২৫, মার্কেটিং : ০১৭১৩-৯১২৫৫১, ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রুগী দেখছেন
শিশুরোগ,শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ :- ডাঃ এম. র.মালিক
এমবিবিএস(আয়ার ল্যান্ড),এমএসসি(পুষ্টি) ডিসিএম, সিসিড, এএসসি(সাইকো) এমপিএইচ, আইপিপিএস(অষ্ট্রেলিয়া), সিসিডি, পিজিপিএন বোস্টন ইউনিভারসিটি (আমেরিকা), এফআর এস এম (লন্ডন), এফআরএসএইচ(লন্ডন),এমএমএস (ভিয়েনা) সিপেড, বিসিএস (স্বাস্থ), ফেলেঅ রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রোলিয়া এসোসিয়েট প্রফেসার ও বিভাগীয় প্রধান (এক্স) নির্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল।
রুগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
ডাঃ কানিজ নাঈমা:- নবজাতক,শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),ডিসিএইচ(শিশু),জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল,মেহেরপুর।
রুগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা-৩টা (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রী রোগ , সার্জন ও সনোলজিস্ট:- ডা.রুমানা হেলালী (জুসি)
এমবিবিএস(ঢাকা),বিসিএস(এফপি),ডিএমইউ.ই ও সি(অবস এন্ড গাইনী, মেডিকেল অফিসার , মা ও শিশু কল্যাণ কেন্দ্র মেহেরপুর। গাংনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী,প্রসূতী, কিশোরী ও শিশু রোগের চিকিৎসক
ডা: মুতাকী বিল্লাহ শাফিন
আবাসিক মেডিকেল অফিসার
মায়ের হাসি ক্লিনিক
ডাঃএস.এম. আরাফাত রহমান আকাশ
এমবিবিএস(ডিইউ).সিসিডি(বার্ডেম),পিজিটি (মেডিসিন)সিএনইউ(আল্ট্রা),এইচ.এম.ও
রুগী দেখেন : প্রতি শুক্র ও শনিবার সকাল ১০- রাত্রি ৮টা
পরীক্ষাসমুহ : ইসিজি(কম্পিউটারাইজড),এক্স-রে, আল্ট্রাসনোগ্রাফি, হরমন এনালাইসিস,সকল প্রকার প্যাথলজি পরীক্ষা,মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলেভারি, সিজারিয়ান ও সবধরনের অপারেশন, আধুনিক যন্ত্র পাতি ও যন্তবান সেবা।

হৃদরোগ, মেডিসিন
এবং
ডায়াবেটিক
রোগ বিশেষজ্ঞ



এমবিবিএস,(ডিইউ),বিসিএস (স্বাস্থ্য.)
ডি-কার্ড কার্ডিওলজি এফ.সি.পি.এস,
(মেডিসিন),সি.সি.ডি(বারডেম),এক্স রেসিডেন্ট
কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল
কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার
জেনারেল হাসপাতাল, মেহেরপুর
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
হৃদরোগ, (হার্টের সমস্যা,হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর,হৃদরোগ জনিত শ্বসকষ্ট বুক ধড় পড় করা, হার্টের ভাল্বের সমস্যা, জন্মগত হার্টের ছিদ্র,এজমা ও শ্বাসকষ্ট-বক্ষব্যধি,ডায়াবেটিস,ব্যাথব্যাথা,বাতজ্বর,কিডনী রোগ,প্রেসার(উচ্চ রক্তচাপ) রক্তে কলেস্টের বৃদ্ধি, লিভার ও পরিপাকতন্তেদ্রর রোগ, জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রুগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন
শনি থেকে বুধ বার বিকাল ৩ টা থেকে রাত ৮ টা পর্যন্ত
রাবেয়া মেডিকেল সার্ভিসেস
হাসপাতাল গেট,মেহেরপুর।
সিরিয়াল : 01754-974466, 01724-773138,

দিন-রাত মানবিক সেবার লক্ষে
--কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব --
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. স.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন - ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ, স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি. এম. ইউ (আল্ট্রাসনোগ্রাফি)।
রোগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com


হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বুধবার, ৭ জানুয়ারি ২০২৬ ইং

## গাংনীর ইটভাটার দাপট–প্রকৃত পরিস্থিতি ভয়াবহ

গাংনী উপজেলার ইটভাটা মালিকরা আইনকে ধাপিয়ে চলছে। কমপক্ষে ৫৮টি অবৈধ ইটভাটায় কাঠ পোড়ানো, কৃষিজমির টপসয়েল ক্ষতিসাধন এবং নিয়মবহির্ভূত উৎপাদন অব্যাহত। পরিবেশ অধিদপ্তরের অভিযান বা ভ্রাম্যমাণ আদালতের চিমনি ভাঙা তো কার্যত অপ্রভাবশালী–কিছু দিনের মধ্যেই নতুন চিমনি নির্মাণ করে উৎপাদন শুরু হয়। আইন থাকা সত্ত্বেও প্রশাসনের কিছু অসাধু চক্র ও প্রভাবশালী সিন্ডিকেটের ছত্রছায়ায় অবৈধ কার্যক্রম নির্বিঘ্নে চলছে। বন উজাড়, বিষাক্ত ধোঁয়া, কৃষিজমির ক্ষয় এবং গ্রামীণ সড়কের অবস্থা–সবই স্থানীয়দের জীবন ও স্বাস্থ্য বিপন্ন করছে। শিক্ষাপ্রতিষ্ঠানের পরিবেশও আক্রান্ত হচ্ছে। এবার সময় এসেছে দৃষ্টান্তমূলক পদক্ষেপ নেওয়ার। অভিযান চালানোই যথেষ্ট নয়; কার্যকর নিয়ন্ত্রণ না থাকলে গাংনীর আকাশ-বাতাস, কৃষিজমি এবং মানুষের জীবন স্থায়ীভাবে বিপন্ন হবে। প্রশাসনকে শক্ত হাতে আইন প্রয়োগ করতে হবে, অন্যথায় এই অনিয়ম আর কোনো দিন থামবে না।

## মেহেরপুরে নদী দূষণ ও জলবায়ুর চ্যালেঞ্জ সময়োপযোগী পদক্ষেপের প্রয়োজন

আবুল কাসেম অনুরাগী



মেহেরপুর জেলা তার নদীমাতৃক ভূগোল এবং উর্বর কৃষিভূমির জন্য পরিচিত। এখানে ছোট-বড় নদী, খাল ও বিলের একটি জটিল জলাধার ব্যবস্থা রয়েছে, যা কৃষি, মৎস্যচাষ এবং স্থানীয় জনগণের দৈনন্দিন জীবনের জন্য অপরিহার্য। কিন্তু সাম্প্রতিক সময়ে নদীর দূষণ, অপরিকল্পিত বর্জ্য ব্যবস্থাপনা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব এই অঞ্চলের জন্য গুরুতর উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। যদি আমরা তাৎক্ষণিক পদক্ষেপ না নেই, তবে এর প্রভাব কেবল পরিবেশে নয়, মানুষের জীবনযাত্রায়ও গভীর ক্ষতি ঘটাবে। নদী এখানে শুধু পানির উৎস নয়, বরং মানুষের জীবনযাত্রা, কৃষি উৎপাদন ও জলের মাছের সরবরাহের জন্যও গুরুত্বপূর্ণ। কিন্তু আজ মেহেরপুরের নদীগুলো ক্রমেই দূষিত হচ্ছে। শিল্প ও কারখানার নিষ্কাশন, কৃষিকাজের রাসায়নিক সার-সিনাই এবং আবাসিক বর্জ্য নদীতে ফেলার ফলে নদীর পানি বিষাক্ত হচ্ছে। নদীর পানির রঙ পরিবর্তন, মাছের মৃত্যুর ঘটনা এবং দুর্গন্ধ ছড়িয়ে পড়া এখন সাধারণ চিত্র। এতে স্থানীয় কৃষক ও মৎস্যজীবীদের জীবিকা সরাসরি প্রভাবিত হচ্ছে। অপরিকল্পিত বর্জ্য ব্যবস্থাপনা পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। শহর ও গ্রাম থেকে ফেলা আবর্জনা নদী ও খালে জমে থাকে। বিশেষ করে প্লাস্টিক, পলিথিন ও অব্যবস্থাপিত শিল্প বর্জ্য নদীর প্রবাহ বন্ধ করছে এবং বন্যা প্রবণতা বাড়াচ্ছে। প্রতিটি বর্ষায় নদীর তীরবর্তী এলাকায় প্লাবন দেখা যায়। এতে কৃষি জমি, সেচ ব্যবস্থাপনা, সড়ক ও অন্যান্য অবকাঠামো ক্ষতিগ্রস্ত হচ্ছে। মানুষের জীবিকা বিপন্ন হচ্ছে, আর দুঃখজনকভাবে এসব সমস্যার সমাধানে প্রায়ই ধীরগতি দেখা যায়। এদিকে, জলবায়ু পরিবর্তন আরও নতুন চ্যালেঞ্জ যোগ করেছে। মেহেরপুরে বৃষ্টিপাতের ধরন পরিবর্তিত হয়েছে। হঠাৎ ভারী বর্ষা, দীর্ঘ গরম ও শীতকালীন তাপমাত্রার অস্বাভাবিক ওঠানামা এখন নিয়মিত ঘটনা। এই পরিবর্তন নদীর তলদেশের পানি স্তর, কৃষি চাষের সময়সূচি এবং স্থানীয় বাসিন্দাদের স্বাস্থ্যেও প্রভাব ফেলছে। এমন পরিস্থিতিতে, নদী দূষণ ও বর্জ্য ব্যবস্থাপনার অভাব মিলিত হয়ে একটি জটিল পরিবেশগত সংকট তৈরি করছে। এই চ্যালেঞ্জ মোকাবিলায় স্থানীয় সরকার, এনজিও এবং সাধারণ মানুষকে একযোগে কাজ করতে হবে। নদী পরিচ্ছন্নতা অভিযান চালানো, শিল্প ও আবাসিক বর্জ্য সঠিকভাবে পরিচালনা করা এবং জৈবিক, টেকসই কৃষি পদ্ধতি প্রচলন করা জরুরি। শিক্ষাপ্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনগুলোর মাধ্যমে সচেতনতা বৃদ্ধি এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে জনগণকে অবহিত করা অপরিহার্য। জলবায়ু-সংশ্লিষ্ট বিপর্যয় মোকাবিলায় আধুনিক প্রযুক্তি ও স্থানীয় জ্ঞান একত্রিত করে কার্যকর সমাধান বের করতে হবে। মেহেরপুরের নদী ও পরিবেশ কেবল প্রাকৃতিক সম্পদই নয়; এটি মানুষের জীবন, ঐতিহ্য এবং এলাকার সাংস্কৃতিক পরিচয়ের অঙ্গ। তাই এখনই সময় এসেছে সক্রিয় পদক্ষেপ নেওয়ার, যাতে আগামী প্রজন্মও সুস্থ পরিবেশ ও নিরাপদ জলাধার পান। না হলে, আমাদের অবহেলার ফল আজকের শিশুদের জন্য কালকের বিপর্যয় হয়ে দাঁড়াতে পারে।(লেখক: শিক্ষাবীদ ও প্রকাশক আমাদের সূর্যোদয়)

## ইসতেগফার: গুনাহ থেকে মুক্তি ও ইমানের পুনর্জীবন

ফরীদ উদ্দীন মাসউদ

মানুষ ভুলের ঊর্ধ্বে নয়। প্রতিদিনের জীবনে আমরা জানা-অজানায়, ইচ্ছা-অনিচ্ছায় গুনাহে জড়িয়ে পড়ি। কখনো গুনাহ ছোট, কখনো তা বিরতিহীন অভ্যাসে পরিণত হয়। এই গুনাহ ধীরে ধীরে আমাদের ইমানকে দুর্বল করে, অন্তরকে অন্ধকারাচ্ছন্ন করে এবং আমাদের আত্মাকে বিপন্ন করে। এমন পরিস্থিতিতে মৃত্যুর কঠিন মুহূর্তে সেই দুর্বল ইমানই সর্বশেষ পরীক্ষা দেয়। শয়তান তখন শেষ আঘাত হানার চেষ্টা করে, যাতে ইমান সম্পূর্ণ হারিয়ে যায়। কিন্তু আল্লাহর রহমত সবসময় প্রস্তুত। তিনি বান্দাদের জন্য রেখেছেন এক অতি সহজ, অথচ শক্তিশালী পথ–একটি ছোট্ট ইসতেগফার।"আল্লাহুম্মাগফিরলি" অর্থ: "হে আল্লাহ! আমাকে ক্ষমা করুন।" রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও দিনে বহুবার ইসতেগফার করতেন। তিনি সত্তরবারেরও বেশি ইসতেগফার করতেন, অথচ ছিলেন নিষ্পাপ। তিনি স্পষ্টভাবে বলেছেন–ইসতেগফারের কাছে আঁকড়ে ধরে থাকা মানুষকে আল্লাহ প্রতিটি দুঃখ ও কষ্ট থেকে মুক্তি দেন। আল্লাহ তাআলা বলেন– "বলুন, হে আমার বান্দারা! যারা নিজেদের ওপর জুলুম করেছেন, তোমরা আল্লাহর রহমত থেকে কখনো হতাশ হও না।" (সুরা আজ-যুমার: আয়াত ৫৩)। এটি আমাদের শিক্ষা দেয় যে, গুনাহ যত বড়ই হোক, আল্লাহর রহমত তার চেয়েও বড়। অন্তরের কালো দাগ ধীরে ধীরে মুছে যায়, ইমান প্রাণবন্ত হয় এবং মৃত্যুর মুহূর্তেও আমরা শান্তির সঙ্গে আল্লাহর দরবারে ফিরে যেতে পারি। গুনাহ মানুষের অন্তরকে কঠিন করে, ইমানকে দুর্বল করে এবং তাওবার অনুভূতিকে মরে ফেলে। এই অবস্থায় একমাত্র শক্তিশালী হাতিয়ার হলো ইসতেগফার। এটি শুধুমাত্র আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা নয়, বরং অন্তরের অনুশোচনা, সদিচ্ছা ও আল্লাহর দিকে ফিরে আসার প্রতীক। রাসুলুল্লাহ (সা.) বলেছেন– "যে ব্যক্তি ইসতেগফারকে আঁকড়ে ধরে, আল্লাহ তার প্রতিটি দুঃখ থেকে মুক্তির পথ করে দেন।" (আবু দাউদ ১৫১৮)। গুনাহ কখনো ছোট বা বড়, একবারের বা দীর্ঘদিনের–যদি আমরা আন্তরিকভাবে ইসতেগফার করি, আল্লাহ তা কবুল করবেন। এটাই আমাদের জন্য এক অতি সহজ, অথচ শক্তিশালী দাওয়াত। আজ থেকেই এই ছোট্ট ইসতেগফারকে জীবনের সঙ্গী করুন। প্রতিটি মুহূর্তে, প্রতিটি কাজের আগে, গুনাহের পরে–এই এক বাক্য উচ্চারণ করুন। এটি হতে পারে আমাদের ইমান রক্ষার ঢাল, মৃত্যুর মুহূর্তে নাজাতের মাধ্যম।

আল্লাহ ক্ষমা করতে ভালোবাসেন, আর বান্দা ক্ষমা চাইলে তিনি কখনো ফিরিয়ে দেন না। তাই দ্বিধা না করে উচ্চারণ করুন– "আল্লাহুম্মাগফিরলি" অর্থ: "হে আল্লাহ! আমাকে ক্ষমা করুন।" ইসতেগফার আমাদের অন্তরের কালো দাগ মুছে, ইমানকে শক্তিশালী করে, দুঃখ-দূর্দশা থেকে মুক্তি দেয় এবং আল্লাহর রহমতে আমাদের জীবন আলোকিত করে। এটি ছোট হলেও ক্ষমা চাওয়ার এক অপার শক্তি বহন করে। আমাদের প্রতিটি মুহূর্তের সঙ্গী হোক এই ছোট্ট বাক্য, কারণ ইমান রক্ষা ও নাজাতের পথ কখনো বন্ধ নয়।

## মুজিবনগরে গণভোট ও জাতীয়

(প্রথম পৃষ্টার পর)

আয়োজনটি হয়ে ওঠে প্রাণবন্ত। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডা. আসাদুজ্জামান, উপজেলা কৃষি কর্মকর্তা মমিনুল ইসলাম, আনসার-ভিডিপি কর্মকর্তা জেসমিন সুলতানা, সমাজসেবা কর্মকর্তা মাহমুদূর অসাম, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) জাহিদুল ইসলাম, থানার সেকেন্ড অফিসার গৌতম সরকার এবং প্রেসক্লাব মুজিবনগরের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্সসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী। এ ছাড়া প্রদর্শনীতে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মুজিবনগর উপজেলা শাখা ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখার নেতাকর্মীরা। রাজনৈতিক দলগুলোর উপস্থিতিকে অনেকে ইতিবাচক সংকেত হিসেবে দেখছেন। প্রদর্শনীতে 'সুপার ক্যারাভান' ভোটের গাড়িতে ব্যবহৃত আধুনিক প্রযুক্তি, ভোট প্রদানের ধাপ, নিরাপত্তা ব্যবস্থাপনা ও সংশ্লিষ্ট প্রক্রিয়া নিয়ে উপস্থিতদের ধারণা দেওয়া হয়। আয়োজকদের প্রত্যাশা, এ ধরনের কার্যক্রমের ফলে গণভোট ও জাতীয় সংসদ নির্বাচনে ভোটারদের অংশগ্রহণ বাড়বে, বাড়বে আস্থা।সংশ্লিষ্টরা মনে করছেন, জনগণের সামনে ভোটের প্রযুক্তি ও প্রক্রিয়া তুলে ধরা হলে তারা যেমন সচেতন হবে, তেমনি ভবিষ্যতে সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজনেও ইতিবাচক প্রভাব পড়বে।

## শহীদ হাদি হত্যাকাণ্ডে ১৭ জনের

(প্রথম পৃষ্টার পর)

যায়, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের তফসিল ঘোষণার পরদিন, ১২ ডিসেম্বর রাজধানীর পুরানা পল্টনের বক্স-কালভার্ট রোডে চলন্ত একটি মোটরসাইকেল থেকে রিকশায় থাকা ওসমান হাদিকে মাথায় গুলি করা হয়। গুরুতর আহত অবস্থায় তাকে প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল এবং পরে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে ১৫ ডিসেম্বর এয়ার অ্যাম্বুলেন্সে তাকে সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তিন দিন পর, ১৮ ডিসেম্বর তার মৃত্যু হয়। এর আগে, ১৪ ডিসেম্বর ইনকিলাব মঞ্চের সদস্যসচিব আবদুল্লাহ আল জাবের ফয়সাল করিম মাসুদকে প্রধান আসামি করে পল্টন থানায় হত্যাচেষ্টার মামলা দায়ের করেন। ওসমান হাদির মৃত্যুর পর মামলাটি হত্যা মামলায় রূপ নেয়।

## মেহেরপুর বিআরটিএতে জেলা

(প্রথম পৃষ্টার পর)

আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম উপস্থিত ছিলেন।

বিআরটিএতে সেবা নিতে আসা সাধারণ মানুষ জেলা প্রশাসকের এ উদ্যোগকে স্বাগত জানিয়ে নিয়মিত ও ঘনঘন এ ধরনের অভিযান পরিচালনার দাবি জানান। তারা বলেন, এতে সেবার মান বাড়বে এবং দুর্নীতি কমবে।

## হাসনাত আবদুল্লাহর ফেসবুক

(প্রথম পৃষ্টার পর)

থাকায় গত কয়েক দিন তিনি সমর্থক ও ভক্তদের সঙ্গে সরাসরি যোগাযোগ রাখতে পারছিলেন না। এই অবস্থায় তিনি জানিয়েছেন, এখন থেকে তিনি নিয়মিত তার ভেরিফাইড ফেসবুক পেজের মাধ্যমে সক্রিয় থাকবেন। ইতিপূর্বে ওই পেজটি মূলত অ্যাডমিন দ্বারা পরিচালিত হতো। ভিডিও বার্তায় হাসনাত আবদুল্লাহ তার সমর্থকদের প্রতি আহ্বান জানান, তার বক্তব্য ও সংবাদ সবার কাছে পৌঁছানোর জন্য পেজটি শেয়ার করতে। তিনি বলেন, "আমার ব্যক্তিগত আইডি ডিজেবল হলেও, সংবাদ ও তথ্য পৌঁছে দেওয়ার কাজ চালিয়ে যাব। অনুরাগীরা যেন পেজ শেয়ার করে আমাদের সঙ্গে থাকেন।" বিশ্লেষকরা মনে করছেন, সামাজিক যোগাযোগমাধ্যমে ভারতবিরোধী অবস্থান এবং পোস্ট সংক্রান্ত কপিরাইট অভিযোগের কারণে প্রোফাইল ডিজেবল করা হয়েছে। হাসনাত আবদুল্লাহর এই পদক্ষেপ তার রাজনৈতিক কার্যক্রম এবং সমর্থকদের সঙ্গে সংযোগ বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

## মেহেরপুর সরকারি কলেজে

(প্রথম পৃষ্টার পর)

সরকারি কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক খেজমত আলী মালিথ্যা, অধ্যাপক হাবিবুর রহমান, সহযোগী অধ্যাপক নিগার সুলতানা, খুশরু ইসলাম, প্রভাষক এস এম আশরাফুল ইসলাম। এছাড়াও বক্তব্য দেন অভিভাবক শফিউদ্দিন, জাহিদ ইসলাম, আসাদুজ্জামান লিটন, দ্বাদশ শ্রেণির ছাত্রী রুকাইয়া হাসান নাহি এবং একাদশ শ্রেণির ছাত্র সাব্বির হোসেন। সভায় সরকারি কলেজের শিক্ষার গুণগত মান উন্নয়ন, শিক্ষার্থীদের শৃঙ্খলা ও সার্বিক শিক্ষা পরিবেশ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অভিভাবকরা শিক্ষার্থীদের ভবিষ্যৎ গড়তে কলেজ কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন।

## সিংহাটি গ্রামে সমাজসেবক বাবু

(প্রথম পৃষ্টার পর)

কল্যাণে সমাজসেবামূলক কার্যক্রম পরিচালনা করে আসছেন হাসিবুল হাসান বাবু খান। এর অংশ হিসেবে তিনি মসজিদ-মাদ্রাসা নির্মাণ, টিউবওয়েল স্থাপন, ঈদ মৌসুমে শাড়ি, লুঙ্গি ও থ্রি-পিস বিতরণসহ নানা জনকল্যাণমূলক কর্মকাণ্ড করে আসছেন। চলতি শীতে বারাদী ইউনিয়নের ১৬টি গ্রামের অসহায়, দুস্থ ও হতদরিদ্র পরিবারের মাঝে মোট ৩ হাজার ৫শ'টি কম্বল বিতরণের উদ্যোগ নিয়েছেন তিনি। কম্বল বিতরণকালে মন্টু মিয়া, সাইদ হাসান লিমন ও আনন্দ কুমার উপস্থিত ছিলেন।

## কুষ্টিয়ায় অবৈধ ৮ ভাটায় ২৯ লাখ

(প্রথম পৃষ্টার পর)

জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর হওয়ায় এসব অবৈধ ইটভাটার কাঠামো ভেঙে দেওয়া হয়। খুলনা বিভাগীয় পরিবেশ অধিদপ্তরের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগম অভিযানের নেতৃত্ব দেন। তিনি বলেন, অবৈধ ইটভাটা পরিবেশ দূষণের অন্যতম প্রধান কারণ এবং জনস্বাস্থ্যের জন্য বড় হুমকি। এসব ভাটার বিরুদ্ধে নিয়মিত অভিযান অব্যাহত থাকবে। অভিযানকালে কুষ্টিয়া জেলা পরিবেশ অধিদপ্তরের উপপরিচালক মো. এমদাদুল হকসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

## আলমডাঙ্গায় ট্রাক-নসিমন সংঘর্ষে

(প্রথম পৃষ্টার পর)

ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার বাগানমাঠপাড়া গ্রামের শামসুল হক ফরাজির ছেলে। আহত চালক জহুরুল হক একই গ্রামের আব্দুল মালেকের ছেলে। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, মহেশপুর উপজেলার বাগানমাঠপাড়া এলাকা থেকে মাছবোঝাই একটি নসিমন নিয়ে মাধবীতলা এলাকার একটি বাঁকে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা দ্রুতগতির বালুবোঝাই ডাম্প ট্রাকের সঙ্গে নসিমনের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে নসিমনটি দুমড়েমুচড়ে রাস্তার পাশে উল্টে যায় এবং ঘটনাস্থলেই মাছ ব্যবসায়ী মোহাম্মদ আলীর মৃত্যু হয়। দুর্ঘটনার পর স্থানীয়রা আহত চালককে উদ্ধার করে চিকিৎসার জন্য নিকটস্থ হাসপাতালে ভর্তি করেন। খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে সড়কে যান চলাচল স্বাভাবিক করেন। আলমডাঙ্গার মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশের ইনচার্জ এসআই জাহাঙ্গীর আলম জানান, দুর্ঘটনার পর ট্রাকটি নিয়ে চালক পালিয়ে যায়। ট্রাক ও চালককে শনাক্ত ও গ্রেপ্তারের চেষ্টা চলছে। নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

## ভারত থেকে এক লাখ ৮০ হাজার টন

(প্রথম পৃষ্টার পর)

বিভাগ প্রস্তাব দেয় যে, ২০২৬ সালে মেয়াদি চুক্তির আওতায় ভারতের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান নুমালীগড় রিফাইনারি লিমিটেড থেকে ডিজেল আমদানি করা হবে। বৈঠক সূত্রে জানা গেছে, এক লাখ ৮০ হাজার মেট্রিক টন ডিজেল (০.০০৫% সালফার) আমদানির জন্য মূল্য নির্ধারণ করা হয়েছে ১১ কোটি ৯১ লাখ ৩৩ হাজার ২১৬ মার্কিন ডলারে। প্রতি ব্যারেল ডিজেল প্রিমিয়ামের দাম ৫.৫০ মার্কিন ডলার এবং রেফারেন্স প্রাইস ৮৩.২২ মার্কিন ডলার। বাংলাদেশ ২০১৬ সাল থেকে ভারতের নুমালীগড় রিফাইনারি লিমিটেডের সঙ্গে ১৫ বছর মেয়াদি চুক্তির আওতায় ডিজেল আমদানি করছে। পাইপলাইন নির্মাণের আগে রেল ওয়াগনের মাধ্যমে আমদানি করা হতো, এরপর ২০২৩ সালের ১৮ মার্চ থেকে ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইনের মাধ্যমে সরবরাহ শুরু হয়। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান সাংবাদিকদের জানান, "নুমালীগড় থেকে ডিজেল আনার চুক্তি অনেক আগের এবং চলমান। ক্রিকেটার মোস্তাফিজুর রহমানকে আইপিএল থেকে বাদ দেওয়ার কারণে সম্প্রচার বন্ধ হলেও, তেলের আমদানির সঙ্গে এর কোনো সম্পর্ক নেই।"

## মেহেরপুরে নিখোঁজের ৩ দিন পর

(প্রথম পৃষ্টার পর)

গার্মেন্টসের স্বত্বাধিকারী নোমানের ক্যাশবপাড়ার পরিত্যক্ত জমিতে একটি নারীর মরদেহ পড়ে থাকতে দেখে তারা পুলিশে খবর দেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে মরদেহ উদ্ধার করে। পরে নিহতের স্বামী সেন্টু মিয়া ঘটনাস্থলে এসে মরদেহটি তার স্ত্রীর বলে শনাক্ত করেন। নিহতের স্বামী সেন্টু মিয়া বলেন, ৩ দিন আগে তার স্ত্রী নিহত টগর খাতুন বাড়ি থেকে টাকা-পয়সা ও স্বর্ণালঙ্কার নিয়ে বের হন। এরপর থেকে তার কোনো সন্ধান পাওয়া যায়নি। এ ঘটনায় তিনি একাধিকবার মেহেরপুর সদর থানায় যোগাযোগ করলেও পুলিশের পক্ষ থেকে সহযোগিতা পাননি বলে দাবি করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির জানান, মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেলা হাসপাতাল মর্গে পাঠানো হবে। ময়নাতদন্ত প্রতিবেদন হাতে পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

## হিমেল হাওয়া আর ঘন কুয়াশায়

(প্রথম পৃষ্টার পর)

তাই সকাল ১০টা থেকে ক্লাস শুরু করলে শিক্ষার্থীদের জন্য ভালো হবে।' কাজীপুর মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিদা হাসান বলেন, 'অতিরিক্ত শীতের কারণে শিক্ষার্থীদের উপস্থিতি কমে গেছে। অনেকেই আসতে পারছে না। যারা আসে তারাও শীতে কাবু হয়ে পড়ছে। স্বাস্থ্যঝুঁকি বিবেচনা করে ক্লাস কিছুটা পরে শুরু করা বা প্রয়োজনে ছুটি দেওয়ার বিষয়টি বিবেচনা করা দরকার।' প্রাথমিক শিক্ষা অফিস বলছে , 'আমরা এখনো কোনো নির্দেশনা পাইনি। ঊর্ধ্বতন কর্তৃপক্ষ নির্দেশনা দিলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।' চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের পর্যবেক্ষণাগারের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. জামিনুর রহমান বলেন, আজ সকাল ৯টায় তাপমাত্রা ছিল ৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। বাতাসের আর্দ্রতা ৯৭ শতাংশ। এ ধরনের আবহাওয়া আরও কয়েকদিন থাকতে পারে। তবে বৃষ্টির সম্ভাবনা নেই।

## পাতানো নির্বাচনের চেষ্টা চলছে, রুখে দেওয়া হবে: আসিফ মাহমুদ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, "আপাতদৃষ্টিতে আরও একটি পাতানো নির্বাচনের চেষ্টা চলছে, যা ভোটের আগেই রুখে দেওয়া হবে।"গতকাল মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দীনের সঙ্গে বৈঠক শেষে তিনি এ হুঁশিয়ারি দেন। আসিফ মাহমুদ অভিযোগ করেন, প্রশাসনের পক্ষপাতিত্ব একটি নির্দিষ্ট দলের প্রতি স্পষ্ট। তিনি বলেন, "জনরায় প্রতিষ্ঠার আগেই সরকারি কর্মকর্তাদের ওই দলের চেয়ারপারসনের সঙ্গে বৈঠক করা বাংলাদেশের গণতন্ত্রের জন্য অশনিসংকেত। যদি পুরনো সেটেলমেন্টের পথে পুনরায় যাওয়া হয়, তা রুখে দেওয়া হবে। ভোটের দিন পর্যন্ত অপেক্ষা করা হবে না।"এ সময় তিনি এনএসআই প্রধানের একটি পার্টি অফিসে বৈঠক করার ঘটনাকেও সমালোচনা করেছেন। ভোটের পরিবেশ নিয়ে তিনি বলেন, "চিহ্নিত সন্ত্রাসীদের জেলের বাইরে রেখে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। নির্বাচন কমিশন এবং সরকার ভোটের জন্য সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করতে ব্যর্থ হয়েছে।" তিনি আরও জানিয়েছেন, এই পরিস্থিতিতে এনসিপি ইসির প্রতি সম্পূর্ণ আস্থা রাখতে পারছে না এবং নির্বাচন অনুষ্ঠিত হবে কিনা সে বিষয়ে শঙ্কা রয়েছে।

মনোনয়নপত্র যাচাই-বাছাই প্রক্রিয়াতেও নিরপেক্ষতা বজায় না রাখার অভিযোগ করেন তিনি। বড় দলের পক্ষে কাজ করার অভিযোগ করেছেন রিটার্নিং অফিসারদের। এছাড়া তিনি সতর্ক করেছেন, জাতীয় পার্টিকে ভোটে অংশগ্রহণ থেকে বঞ্চিত করার সম্ভাবনা রয়েছে। আসিফ মাহমুদের মন্তব্য অনুযায়ী, ভোটের আগে মাঠে সক্রিয় হয়ে এই "পাতানো নির্বাচন" রুখে দেওয়ার জন্য এনসিপি সর্বাত্মক পদক্ষেপ নেবে।

## বিপিএলের উপস্থাপনা প্যানেল থেকে বাদ পড়লেন ভারতীয় উপস্থাপক

সূর্যোদয় প্রতিবেদন

চলমান বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) উপস্থাপনা প্যানেল থেকে বাদ পড়েছেন ভারতীয় উপস্থাপক রিধিমা পাঠক। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জানিয়েছে, পরিবর্তিত পরিস্থিতির কারণে তাকে প্যানেল থেকে সরিয়ে নেওয়া হয়েছে। এইবারের বিপিএলে উপস্থাপনা ও ধারাভাষ্য প্যানেলে ভিন্নতা এনেছিল বিসিবি। উপস্থাপক হিসেবে পাকিস্তানের জয়নব আব্বাসের সঙ্গে ছিলেন ভারতের রিধিমা পাঠক। ধারাভাষ্যকার হিসেবে অন্তর্ভুক্ত ছিলেন পাকিস্তানের সাবেক অধিনায়ক ও সাবেক পিসিবি চেয়ারম্যান রমিজ রাজা এবং ইংল্যান্ডের সাবেক পেসার ড্যারেন গফ। তবে সাম্প্রতিক বাংলাদেশ-ভারত রাজনৈতিক উত্তেজনার প্রেক্ষাপটে রিধিমার বিপিএল যাত্রা শেষ হয়। গত ৩ জানুয়ারি ভারতের ক্রিকেট বোর্ড বিসিসিআইয়ের নির্দেশে বাংলাদেশের পেসার মোস্তাফিজুর রহমানকে কলকাতা নাইট রাইডার্সের স্কোয়াড থেকে বাদ দেওয়া হয়। বিষয়টি নিয়ে দুই দেশের ক্রিকেট অঙ্গনে ব্যাপক আলোচনা শুরু হয়। এরপর বিসিবি জরুরি সভা ডেকে নিরাপত্তা ইস্যুতে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারত যাওয়া কঠিন হওয়ার কথা আইসিসিকে জানায়। এছাড়া বাংলাদেশের ম্যাচগুলো ভারত থেকে অন্য ভেন্যুতে সরানোর দাবিও জানানো হয়। ইতিমধ্যেই গত ৫ জানুয়ারি বাংলাদেশ সরকার দেশীয় অপারেটরদের মাধ্যমে আইপিএল সম্প্রচারের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। এসব ঘটনার প্রেক্ষিতে বিপিএলের উপস্থাপনা প্যানেল থেকে রিধিমা পাঠককে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। ক্রিকেট অঙ্গনের বিশেষজ্ঞরা মনে করছেন, চলমান রাজনৈতিক উত্তেজনা ও নিরাপত্তা বিষয়ক বিবেচনা এই পদক্ষেপে প্রভাব ফেলেছে।

## গত ৩-৪ বছরের সেরা ব্যাটিং করছেন মাহমুদউল্লাহ

সূর্যোদয় প্রতিবেদন

চলতি বিপিএলে রংপুর রাইডার্সের অভিজ্ঞ ব্যাটসম্যান মাহমুদউল্লাহ রিয়াদ দুর্দান্ত ফর্মে রয়েছেন। বিপিএলের নিলামে শুরুতে দল পাননি মাহমুদউল্লাহ। সব ক্যাটেগরির নিলাম শেষ হওয়ার পরে যখন পুনরায় কিছু নাম তোলা হয়, তখন রংপুর তাকে দলে ভেড়ায়। শুরুতে দল না পাওয়ার হতাশা কাটিয়ে মাহমুদউল্লাহ ব্যাট হাতে অভূতপূর্ব পারফরম্যান্স দেখাচ্ছেন। রংপুর রাইডার্সের ব্যাটিং কোচ মোহাম্মদ আশরাফুলের মতে, মাহমুদউল্লাহ এই মুহূর্তে গত ৩-৪ বছরের সেরা ব্যাটিং করছেন। চলতি টুর্নামেন্টে তার গড় ৫৮ এবং স্ট্রাইক রেট ১৪৩.২০। গতকাল চট্টগ্রাম রয়্যালসের বিপক্ষে ১৯ বলে ৩০ রানে অপরাজিত থাকেন তিনি, যা তাকে ব্যাক টু ব্যাক ম্যান অব দ্যা ম্যাচ বানায়। আশরাফুল বলেন, "মাহমুদউল্লাহর ক্যারিয়ারের সেরা সময় ছিল হাতুরুসিংহের সময়, ২০১৪ থেকে ২০১৮ পর্যন্ত। এখনও সে অসাধারণ সময় পার করছে। আমাদের সৌভাগ্য তাকে পাওয়া।চ তিনি যোগ করেন, মাহমুদউল্লাহ ৩৯ বছর বয়সে নিয়মিত ফিটনেস ও মানসিক প্রস্তুতিতে জোর দিচ্ছেন। রংপুরের ব্যাটিং কোচ আরও জানান, "মাহমুদউল্লাহ প্রচুর ফিটনেস ট্রেনিং করছেন, জিম করছেন এবং প্রতিটি টুর্নামেন্টের জন্য মানসিক প্রস্তুতি নিচ্ছেন। কিংবদন্তি ব্যাটসম্যানরা কম ব্যাটিং করলেও মস্তিষ্কের কাজই বেশি করে। মাহমুদউল্লাহ ঠিক তাই করছেন, এবং এই কারণে তার পারফরম্যান্স এত সুনিশ্চিত।চ এই ফর্মে মাহমুদউল্লাহ রংপুর রাইডার্সের জন্য বিপিএলে বড় আঘাত হানা অব্যাহত রাখার সম্ভাবনা রাখছেন।

## মসজিদ ভাঙাকে কেন্দ্র কওে ভারত-নেপাল সীমান্ত বন্ধ

সূর্যোদয় প্রতিবেদন

সামাজিক যোগাযোগমাধ্যমে ধর্মীয় অবমাননাকর ভিডিও ছড়িয়ে পড়াকে কেন্দ্র করে নেপালের দক্ষিণাঞ্চলে তীব্র সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টি হয়েছে। পরিস্থিতির দ্রুত অবনতি হওয়ায় পারসা জেলার বীরগঞ্জ শহরে অনির্দিষ্টকালের জন্য কারফিউ জারি করেছে স্থানীয় প্রশাসন। একই সঙ্গে অশান্তির প্রভাব যাতে ভারতে ছড়িয়ে না পড়ে, সে জন্য বিহারের রক্সৌল সংলগ্ন ভারতুনেপাল সীমান্ত পুরোপুরি বন্ধ করে দিয়েছে ভারতীয় সশস্ত্র সীমা বল (এসএসবি)। খবর এনডিটিভির। ঘটনার সূত্রপাত নেপালের ধনুসা জেলার কমলা পৌরসভায়। অভিযোগ রয়েছে, হায়দার আনসারি ও আমানত আনসারি নামে দুই যুবক সামাজিক যোগাযোগমাধ্যমে একটি ভিডিও পোস্ট করেন, যেখানে অন্য একটি ধর্মের প্রতি অবমাননাকর মন্তব্য করা হয়েছে। ভিডিওটি ভাইরাল হওয়ার পর ধনুসা ও পারসা জেলায় ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে। স্থানীয়রা ওই দুই যুবককে আটক করে পুলিশের হাতে তুলে দিলেও পরিস্থিতি শান্ত হয়নি। বরং এর প্রতিক্রিয়ায় পারসা জেলার সাকুয়া মারান এলাকায় একটি মসজিদে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে। এতে সাম্প্রদায়িক উত্তেজনা আরও বেড়ে যায়। এদিকে হিন্দু সংগঠনগুলোর পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, বিক্ষোভ চলাকালে তাদের দেব-দেবীদের নিয়েও আপত্তিকর মন্তব্য করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গিয়ে বীরগঞ্জ এলাকায় বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। এ সময় পুলিশের ওপর পাথর নিক্ষেপ করা হয় এবং একটি থানায় ভাঙচুর চালানো হয়। পরিস্থিতি সামাল দিতে পুলিশ কয়েক রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। বর্তমানে বীরগঞ্জ শহরে কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্যে কারফিউ কার্যকর রয়েছে। নেপালের এই অস্থির পরিস্থিতির কারণে দেশটিতে কর্মরত ভারতীয় শ্রমিকরা নিরাপত্তাহীনতার আশঙ্কায় দলে দলে নিজ দেশে ফিরতে শুরু করেছেন। বীরগঞ্জের বাজার ও দোকানপাট বন্ধ থাকায় সেখানে অবস্থান ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে বলে তারা জানিয়েছেন। উদ্ভূত পরিস্থিতিতে ভারতীয় সশস্ত্র সীমা বল সীমান্তে সর্বোচ্চ সতর্কতা জারি করেছে। জরুরি পরিষেবা ছাড়া সব ধরনের যাতায়াত বন্ধ রাখা হয়েছে। মৈত্রী সেতুতে বাড়ানো হয়েছে নজরদারি, মোতায়েন করা হয়েছে ডগ স্কোয়াড। পাশাপাশি সহদেওয়া, মহদেওয়া ও পান্তোকার মতো সংবেদনশীল এলাকায় টহল জোরদার করা হয়েছে।

## রাশিয়ার মাধ্যমে ইরানকে বার্তা পাঠালেন নেতানিয়াহু

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের সঙ্গে সামরিক সংঘাতে জড়াতে ইসরাইল আগ্রহী নয়–এমন বার্তা রাশিয়ার মাধ্যমে তেহরানের কাছে পৌঁছে দেওয়ার অনুরোধ করেছেন ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। কূটনৈতিক সূত্রের বরাতে ইসরাইল রাষ্ট্রীয় টেলিভিশন ও রেডিও এ তথ্য জানিয়েছে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়**
**নগর উন্নয়ন অধিদপ্তর**
**৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।**
www.udd.gov.bd

স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.০০২.১৪.০০৩৫.২৩.২ তারিখ: ০৪/০১/২০২৬

**গণশুনানির বিজ্ঞপ্তি**

**বিষয়: "মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন" প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত খসড়া মাস্টার প্ল্যানের উপর গণশুনানি প্রসংগে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন" প্রকল্পের আওতায় মেহেরপুর জেলার টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া "মাস্টার প্ল্যান" প্রকল্পের ওয়েব পোর্টালে (www.mzdp.gov.bd/publichearing) সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। খসড়া মাস্টার প্ল্যানের উপর QR কোড স্ক্যানের মাধ্যমে ওয়েব পোর্টালের নির্দিষ্ট লিংকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

একইসাথে মেহেরপুর জেলায় জানুয়ারি, ২০২৬ মাসব্যাপী উক্ত খসড়া মাস্টার প্ল্যানের উপর গণশুনানি অনুষ্ঠিত হবে। গণশুনানিতে মেহেরপুরবাসীদের উপস্থিত থেকে লিখিত মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(আহমেদ আখতারুজ্জামান)
সিনিয়র প্ল্যানার ও প্রকল্প পরিচালক
"মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন" প্রকল্প
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা